50

দৈনিক সংবাদ

তারিখ ... 10 APR 1996 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

এসএসসি পরীক্ষা

## প্রশ্নপত্রে নানা ধরনের ভুল পাওয়া গেছে

মানিকগঞ্জ, ৯ই এপ্রিল (জেলা বার্তা পরিবেশক)।– ঢাকা বোর্ডের এস এস সি পরীক্ষার প্রশ্নপত্রে নানা ধরনের ভুল পাওয়া গেছে।

গতকাল বাংলা ২য় পত্রের নৈর্ব্যক্তিক পরীক্ষার ১টি প্রশ্নপত্র পাওয়া গেছে যার ৪টি পৃষ্ঠার ২ ও ৩নং পৃষ্ঠা সম্পূর্ণ 'সাদা'। ওই প্রশ্নটি শিবালয় সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে একজন পরীক্ষার্থীকে দেয়া হয়। উত্তর দিতে গিয়ে পরীক্ষার্থী দেখতে পায় ২ পৃষ্ঠা একেবারেই সাদা। পরে প্রশ্নটি বদলে দেয়া হয়।

প্রশ্নটি খ সেটের এবং বিষয় কোড নম্বর ১০২। গত পরশু বাংলা প্রথমপত্রের প্রশ্নপত্রে ওমর 'ফারুক'–এর স্থলে ছাপা হয়েছে ওমর 'কারু'।